...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	২০ জানুয়ারি ২০২০
সভার সময়	সকাল ১০.০০ টা
স্থান	ট্রাস্টের সম্মেলন কক্ষ
উপস্থিতি	“ক”

সভাপতি গত ১৫ জানুয়ারি ২০২০ তারিখে ট্রাস্টি বোর্ডের দশম সভা সফলভাবে অনুষ্ঠিত হওয়ায় ট্রাস্টের সকল কর্মকর্তা ও কর্মচারীর প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভা শুরু করেন।

২। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ১৯ ডিসেম্বর ২০১৯ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

৩। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উপ-পরিচালক (উপসচিব) সভা-কে অবহিত করেন যে, ট্রাস্টের কর্মচারীদের অবসরভাতা তহবিল গঠনের প্রস্তাব পেনশন পরিকল্পের মধ্যে অন্তর্ভুক্ত করে পরিকল্পটি প্রায় চূড়ান্ত করেছেন। এ বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন পেশাজীবী ব্যক্তিকে নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাবেক অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ ফিরোজ মিয়াকে পরিকল্পটি দেখানোর সিদ্ধান্ত গৃহীত হয়। পরিকল্পটি প্রুফ রিডিং এর জন্য এ সংক্রান্ত কাজে অভিজ্ঞ পেশাজীবীকে দায়িত্ব দিতে হবে।	উপ-পরিচালক এবং সহকারী পরিচালক (প্রশাসন)
২.	সহকারী পরিচালক (প্রশাসন) জানান, গত ১৪ জানুয়ারি ২০২০ খ্রি: তারিখে আউট সোর্সিং এর ০৯ (নয়) টি পদ ১ জুন ২০১৯ থেকে ৩১ মে ২০২০ পর্যন্ত সংরক্ষনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।	ব্যক্তিগত যোগাযোগ রক্ষা করে আউট সোর্সিং এর পদগুলো দ্রুত সংরক্ষণের ব্যবস্থা নিতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

৩.	ট্রাস্টি বোর্ডের দশম সভায় শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় নির্দেশমতে উপবৃত্তি প্রাপ্তির পর আর্থিকভাবে উপকৃত হওয়ার বস্তুনিস্ঠ তথ্য নিয়ে সংক্ষিপ্ত আকারে ভিডিও নির্মানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	ট্রাস্টি বোর্ডের দশম সভায় মাননীয় উপমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়ের সদয় নির্দেশমতে বস্তুনিস্ঠ তথ্য নিয়ে গল্পের মতো ধারা ভাষ্য সহকারে ভিডিও নির্মান করা হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এবং প্রোগ্রামার
৪.	যে কোন মুহূর্তে মাননীয় প্রধানমন্ত্রী উপদেষ্টা পরিষদের ৬ষ্ঠ সভার তারিখ নির্ধারণ করতে পারেন বিধায় উপদেষ্টা পরিষদের ৬ষ্ঠ সভার কার্যপত্র প্রস্তুতের কাজ দ্রুত শেষ করার বিষয়ে আলোচনা হয়।	আগামী ২৩ জানুয়ারি ২০২০ এর মধ্যে সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) উপদেষ্টা পরিষদের ৬ষ্ঠ সভার কার্যপত্র প্রস্তুত করবেন।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
৫.	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জানান, আর্থিক প্রতিষ্ঠানের সহায়তায় ৫০০ (পাঁচশত) ডেস্ক ক্যালেন্ডার ও ৫০০ (পাঁচশত) ডায়েরি ছাপানো হয়েছে। ইতিমধ্যে কিছু ডেস্ক ক্যালেন্ডার ও ডায়েরি ট্রাস্টি বোর্ডের সভায় সম্মানিত সদস্যদের মাঝে বিতরণ করা হয়েছে। ডেস্ক ক্যালেন্ডার ও ডায়েরি মানসম্পন্ন না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন।	ভবিষ্যতে এ ধরণের দায়িত্ব পালনের ক্ষেত্রে সতর্ক থাকতে হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
৬.	ট্রাস্টের প্রোগ্রামার জানান, সিঙ্গাপুর, কোরিয়া, নেদারল্যান্ডসহ কিছু দেশের বিভিন্ন প্রতিষ্ঠান ট্রাস্টের মতো কার্যক্রম পরিচালনা করে থাকে। সে সমস্ত প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে তাদের বেষ্ট প্র্যাক্টিস ট্রেনিং এ অংশগ্রহণের জন্য ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের প্রেরণ করা যেতে পারে।	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের উপবৃত্তি ও আর্থিক সহায়তা কার্যক্রমের অনুরূপ কাজ করে থাকে এমন সরকারি প্রতিষ্ঠানসমূহের সাথে যোগাযোগ করে তাদের বেষ্ট প্র্যাক্টিস ট্রেনিং এ (০৩ থেকে ০৫ দিনের) অংশগ্রহণের জন্য ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের প্রেরণের উদ্যোগ নিতে হবে।	উপ-পরিচালক এবং প্রোগ্রামার
৭.	ট্রাস্টের উপ-পরিচালক গত ০৯ জানুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ব্লকড পদগুলো আপগ্রেড করার লক্ষ্যে গঠিত কমিটির সভার কার্যবিবরণী সভায় তুলে ধরেন। ক) উপ-পরিচালক (অর্থ ও হিসাব) এর ০১ (এক) টি, সিস্টেম এনালিস্ট ০১	ক) উপ-পরিচালক (অর্থ ও হিসাব) এর ০১ (এক) টি, সিস্টেম এনালিস্ট ০১ (এক) টি, রক্ষণাবেক্ষণ প্রকৌশলী ০১ (এক)টি, ব্যক্তিগত সহকারী ০১ (এক) টি ও ডাটা এন্ট্রি অপারেটর ০৩ (তিন) টিসহ মোট ০৭ (সাত)	

	(এক) টি, রক্ষণাবেক্ষণ প্রকৌশলী ০১ (এক)টি, ব্যক্তিগত সহকারী ০১ (এক) টি ও ডাটা এন্ট্রি অপারেটর ০৩ (তিন) টিসহ মোট ০৭ (সাত) টি পদ রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনের সুপারিশ করা হয়। খ) আউট সোর্সিং এর ০৯ (নয়) টি পদের মধ্যে গার্ড ও সুইপার ব্যতীত বাকী (০৭) টি অফিস সহায়ক পদ রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনের সুপারিশ করা হয়। গ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের গত ১৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ২.১৩ (ঘ) এর সিদ্ধান্ত মোতাবেক 'কোনক্রমেই এডহক/দৈনিক ভিত্তিক জনবল নিয়োগ দেয়া যাবে না'। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে ০২ (দুই) জন দৈনিক ভিত্তিতে ড্রাইভার নিযুক্ত আছে। দৈনিক ভিত্তিতে নিয়োগের পরিবর্তে আউট সোর্সিং এর মাধ্যমে ০২ (দুই) জন ড্রাইভার নিয়োগের সুপারিশ করা হয়। ঘ) সরকারী বিভিন্ন প্রতিষ্ঠানে হিসাবরক্ষণ কর্মকর্তার পদটি নবম গ্রেডের। এ কারণে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের হিসাবরক্ষণ কর্মকর্তার পদটি দশম গ্রেড থেকে নবম গ্রেডে উন্নীত করার সুপারিশ করা হয়। ঙ) ট্রাস্টের সহকারী প্রোগ্রামার এর নির্ধারিত যোগ্যতা অর্জনের পর প্রোগ্রামার পদে এবং প্রোগ্রামার এর সিস্টেম এনালিস্ট পদে পদোন্নতিপ্রাপ্ত হওয়ার সুযোগ রাখা এবং নির্ধারিত যোগ্যতা অর্জনের পর ট্রাস্টের ব্যক্তিগত সহকারীগণ ব্যক্তিগত কর্মকর্তা (১০ম গ্রেড), অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিকগন প্রশাসনিক কর্মকর্তা (১০ম গ্রেড) এবং ডাটা এন্ট্রি অপারেটরগণ সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর পদে পদোন্নতিপ্রাপ্ত হওয়ার সুযোগ রাখার সুপারিশ করা হয়। এ উদ্দেশ্যে ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা এবং সিনিয়র ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর	টি পদ রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনের জন্য পত্র প্রেরণ করা হবে। খ) আউট সোর্সিং এর ০৯ (নয়) টি পদের মধ্যে গার্ড ও সুইপার ব্যতীত বাকী (০৭) টি অফিস সহায়ক পদ রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনের জন্য পত্র প্রেরণ করা হবে। গ) প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে দৈনিক ভিত্তিতে নিয়োগের পরিবর্তে আউট সোর্সিং এর মাধ্যমে ০২ (দুই) জন ড্রাইভার নিয়োগ করা হবে। ঘ) ট্রাস্টের হিসাবরক্ষণ কর্মকর্তার পদটি দশম গ্রেড থেকে নবম গ্রেডে উন্নীত করার জন্য পত্র প্রেরণ করা হবে। ঙ) ট্রাস্টের সহকারী প্রোগ্রামার এর নির্ধারিত যোগ্যতা অর্জনের পর পোগ্রামার পদে এবং প্রোগ্রামার এর সিস্টেম এনালিস্ট পদে পদোন্নতিপ্রাপ্ত হওয়ার বিষয়টি পদ সৃজনের পর তফসিলে অন্তর্ভুক্ত করতে হবে। ব্যক্তিগত কর্মকর্তা-এর ০২ (দুই) টি, প্রশাসনিক কর্মকর্তা ০১ (এক) টি এবং সিনিয়র ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর ০২ (দুই) টি পদ রাজস্ব খাতে সৃজনের জন্য পত্র প্রেরণ করা হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

	পদ সৃজনের সুপারিশ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।		
৮.	উপ-পরিচালক জানান, ট্রাস্টের ই-নথি কার্যক্রম সন্তোষজনক নয়। ১৯ জানুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় ট্রাস্টের ই-নথি কার্যক্রম আরো বৃদ্ধি করার জন্য বলা হয়। বর্তমানে ই-নথি কার্যক্রমে ট্রাস্টের অবস্থান ৮১তম ।	ক) এখন থেকে ট্রাস্টে আসা সকল ডাক ই-নথিতে উপস্থাপন করতে হবে। খ) ট্রাস্টের মাসিক সমন্বয় সভায় প্রতিমাসের ই-নথির রিপোর্ট জমা দিতে হবে।	প্রোগ্রামার
৯.	উপ-পরিচালক জানান, ১৯ জানুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রণালয়ের অধিনস্থ দপ্তর/সংস্থাসমূহকে মুজিব বর্ষের সম্ভাব্য অনুষ্ঠানগুলোর পরিকল্পনা ও বাজেট অনুমোদনের জন্য দ্রুত মুজিব বর্ষ উদযাপনের কেন্দ্রিয় কমিটিতে পাঠাতে হবে।	ক) আগামী ২১ জানুয়ারী ২০২০ তারিখের মধ্যে মুজিব বর্ষের সম্ভাব্য অনুষ্ঠানগুলোর পরিকল্পনা ও বাজেট অনুমোদনের জন্য দ্রুত মুজিব বর্ষ উদযাপনের কেন্দ্রিয় কমিটিতে পাঠানো হবে। খ) প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে সংসদকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
১০.	সভাপতি বলেন, সকল প্রতিষ্ঠানে বছরে ষাট ঘন্টা প্রশিক্ষণের বাধ্যবাধকতা রয়েছে এ কারণে ট্রাস্টে কিছু প্রশিক্ষণ কার্যক্রমের আয়োজন করা প্রয়োজন। এ সময় উপ-পরিচালক বলেন, আইন ও বিধি বিষয়ক একটি প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। উক্ত প্রশিক্ষণে সাবেক অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ ফিরোজ মিয়া-কে রিসোর্স পারসন হিসাবে আমন্ত্রণ জানানো যেতে পারে।	ক) প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে আইন ও বিধি বিষয়ক একটি এবং ইনোভেশন বিষয়ক একটি প্রশিক্ষণের আয়োজন করা হবে। আইন ও বিধি বিষয়ক প্রশিক্ষণে সাবেক অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ ফিরোজ মিয়াকে রিসোর্স পারসন হিসাবে আমন্ত্রণ জানানো হবে। খ) প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মচারীদের RPATC সহ অন্যান্য প্রশিক্ষণ একাডেমিতে যোগাযোগ করে প্রশিক্ষণে অংশগ্রহনের সুযোগ গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এবং প্রোগ্রামার
১১.	ট্রাস্টের অডিট সংক্রান্ত অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।	ব্যক্তিগতভাবে যোগাযোগ করে অডিটের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.১৭

তারিখ: ৯ মাঘ ১৪২৬
২৩ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৩) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৪) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৫) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৬) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৭) প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৮) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৯) হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১০) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১১) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১২) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৪) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৫) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৬) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৭) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৮) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

AJahan
রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক